আলমডাঙ্গার ভাংবাড়ীয়ায় বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলীর রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলীর মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। সোমবার রাত ৮টায় রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে ভাংবাড়ীয়া কেন্দ্রীয় কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন করা হয়।

মরহুম বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলী, পিতা- রিকাত মন্ডল, দীর্ঘদিন ক্যানসারে ভুগছিলেন। তিনি ভারতের ঠাকুরপুকুর সরোজ গুপ্ত ক্যানসার রিসার্চ সেন্টারে চিকিৎসাধীন ছিলেন। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল আনুমানিক ৭৭ বছর।

তিনি তিন ছেলে, দুই মেয়েসহ অসংখ্য আত্মীয়-স্বজন, শুভাকাঙ্ক্ষী ও গুণগ্রাহী রেখে গেছেন।

সোমবার সন্ধ্যায় ভাংবাড়ীয়া গ্রামে তাঁর জানাজা নামাজ অনুষ্ঠিত হয়। জানাজা শেষে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার, স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

গার্ড অব অনার প্রদানকালে এক আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। সহযোদ্ধা, আত্মীয়-স্বজন ও এলাকাবাসী মরহুমের কফিনে ফুল দিয়ে শেষ শ্রদ্ধা নিবেদন করেন। পরে রাত ৮টায় ভাংবাড়ীয়া কেন্দ্রীয় কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দাফন সম্পন্ন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলীর মৃত্যুতে স্থানীয়দের মাঝে গভীর শোকের ছায়া নেমে এসেছে। এলাকাবাসী তাঁর আত্মার মাগফিরাত কামনা করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

আলমডাঙ্গার ভাংবাড়ীয়াতে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা

আলমডাঙ্গার ভাংবাড়ীয়াতে ওপেন হাউজ ডে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল ৪ টার সময় আলমডাঙ্গার ভাংবাড়ীয়াতে মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে আলমডাঙ্গা থানা কর্তৃক আয়োজিত ওপেন হাউজ ডে অনুষ্ঠানে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

এসময় আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ মোঃ মাসুদুর রহমানের সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা। তিনি বিভিন্ন শ্রেণি ও পেশাজীবী ও বিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশকে সর্বোচ্চ ভূমিকা রাখতে হবে। সুদীর্ঘ সময় ধরে পুলিশ জনগণের সাথে মিলেমিশে শান্তি প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন, পুলিশকে জনবান্ধন করতে এবং পুলিশের মধ্যে বিদ্যমান অসঙ্গতি দূর করতে ও স্বাধীনভাবে কাজ করার পরিবেশ সৃষ্টি করতে কাজ করছে পুলিশ সংস্কার কমিশন।

জুলাই-আগস্টে পুলিশের ভূমিকা নিয়ে জনগণের মধ্যে যে বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে তা নিরসনে উত্তম পুলিশি সেবা দিয়ে দূর করতে বাংলাদেশ পুলিশ সর্বাত্মকভাবে কাজ করছে। জনগণের সাথে মিলেমিশে আমরা একটি সুন্দর সুশৃঙ্খল ও ন্যায় ভিত্তিক বাংলাদেশ গড়ে তুলতে দৃঢ় প্রতিজ্ঞ। ভাংবাড়ীয়া ইউনিয়নে এই প্রথম এসে আমি জানতে পেরেছি ভাংবাড়ীয়া ইউনিয়ন এলাকায় মাদকের রমরামা ব্যবসা চলে।ভাংবাড়ীয়া ইউনিয়ন এমন একটি জায়গা যেখান থেকে

আমার কাছে প্রতিনিয়ত সংবাদ আসে মাদক, বাল্য বিয়ে মানব পাচার ও চাঁদাবাজি, দখলদারির মতো সকল অপকর্ম। আপনাদের সহযোগিতা পেলে আমরা মাদকমুক্ত বাল্য বিয়ে ও চাঁদাবাজি দখলদারি মুক্ত করতে পারব।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, ভাংবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় কমিটির সভাপতি কাইয়ুম উদ্দিন হীরক, মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান

শিক্ষক আব্দুল লতিফ,ভাংবাড়ীয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সানোয়ার হোসেন লাড্ডু,ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান,সহ-সভাপতি মজিরুল ইসলাম বিজু, সাধারণ সম্পাদক আতাউল হুদা, সাংগঠনিক সম্পাদক আব্দুল মাবুদ, ইউনিয়ন সাবেক সাধারণ সম্পাদক ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকা ও আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সহ-সভাপতি সাংবাদিক সাইফুল হুদা সোহেল, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালক ও মাথাভাঙ্গা পত্রিকার ভ্রাম্যমাণ সাংবাদিক মুর্শিদ কলিন,দৈনিক সময়ের সমীকরন পত্রিকার সাংবাদিক সেলিম রেজা,সাবেক ইউনিয়ন ছাত্রদলের সভাপতি রাসেল হুদা ছাত্রদল সভাপতি ইমন আলী, উপজেলা যুবদলের সদস্য সেলিম রেজা,সাইফুল ইসলাম বদর,আবুল কালাম, মহিদুল ইসলাম,ইউনিয়ন কৃষক দলের সভাপতি জাকির হোসেন, সহ-সভাপতি জহুরুল ইসলাম জুরাল কসাই, ভাংবাড়ীয়া ইউনিয়নের বাংলাদেশ জামাতে ইসলামীর ভাংবাড়ীয়া ইউনিয়ন আমীর খন্দকার মাসুদুর রহমান, জমির উদ্দিন, ৬ নম্বর ওয়ার্ড বিএনপ’র সভাপতি মতিয়ার রহমান,সাধারণ সম্পাদক আবু সাঈদ। সাবেক যুবদল সভাপতি ঝন্টু মিয়া বিএনপি নেতা রশিদুল ইসলাম, বিএনপি নেতা শুভ আব্দুল হাকিম, আলিহিম মেব্বার, বিএনপি নেতা লিমন মিয়া, হাটবোয়ালিয়া ক্যাম্প আইসি হাফিজুর রহমান হাফিজ, এএসআই সোহেল রানা, এএসআই নাসিরুদ্দিন, কনস্টেবল সাইদুর রহমান উজ্জল হোসেন প্রমুখ।